



প্রেস বিজ্ঞপ্তি

রবিবার, ১৫ মে, ২০১৬

## সুইডেনে নতুন মসজিদ উদ্বোধন করলেন আহমদীয়া মুসলিম জামাতের প্রধান আহমদীয়া মুসলিম জামাতের প্রধানের মালমোতে মাহমুদ মসজিদ উদ্বোধন




আহমদীয়া মুসলিম সম্প্রদায় আনন্দের সাথে ঘোষণা করছে যে, আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব নেতা পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) ১৩ মে ২০১৬ সুইডেনের মালমোতে মাহমুদ মসজিদ উদ্বোধন করেছেন। এটি এদেশে আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের নির্মিত দ্বিতীয় মসজিদ।

মসজিদ এর স্মারক উন্মোচন করার পর সম্মানিত হযূর তাঁর সাপ্তাহিক জুমু'আর খুতবা প্রদান করেন যা MTA ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সমগ্র বিশ্বে সরাসরি সম্প্রচার করা হয়।

খুতবায় সম্মানিত হযূর মসজিদের প্রকৃত শান্তিপূর্ণ উদ্দেশ্য আহমদী মুসলিমদের পূর্ণ করার প্রয়োজনীয়তার পাশাপাশি এ জামা'তের সদস্যদের অসাধারণ (আর্থিক) কুরবানীর প্রশংসা করেন।

মসজিদ তৈরির উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে হযরত মির্যা মসরুর আহমদ(আই.) বলেন:



"আমরা, আহমদী মুসলমানগণ, কোন ইহজাগতিক লাভের জন্য মসজিদ নির্মাণ করি নুন্নরং এগুলো নির্মাণে আমাদের একমাত্র উদ্দেশ্য হল খোদার ইবাদত করা এবং তাঁর পুরস্কার অর্জন। এই সুন্দর মসজিদ নির্মাণ হয়েছে বলে আমরা যেন ধরে না নিই যে আমরা আমাদের দায়িত্ব সম্পূর্ণরূপে পালন করেছি কারণ বাস্তবে আমাদের দায়িত্ব কেবল মাত্র শুরু হয়েছে। আমাদের এ মসজিদ আবাদ রাখতে হবে এবং এ মসজিদে আরো মানুষকে সমবেত করতে হবে।"





হযরত মির্যা মসরুর আহমদ(আই.) আরও বলেন :

*"এখন যেহেতু এই মসজিদের দ্বার আপনাদের জন্য উন্মোচিত হয়েছে তাই আপনাদের পরস্পরের মাঝে ভালবাসা বৃদ্ধি করতে হবে এবং ইসলামের সত্য ও শান্তিপূর্ণ শিক্ষা জ্বলজ্বলে দৃষ্টান্ত স্থাপন করতে হবে। মনে রাখবেন যে এ মসজিদের প্রকৃত সৌন্দর্য তার কাঠামো বা নকশায় নয় বরং এটি আপনাদের হৃদয় ও কর্মের আধ্যাত্মিক সৌন্দর্যের মাঝে নিহিত।"*

খলীফা মাহমুদ মসজিদ নির্মাণে স্থানীয় আহমদী মুসলমানদের ব্যক্তিগত আর্থিক ত্যাগের কিছু উদাহরণ বর্ণনা করেন। নারী, পুরুষ ও শিশু সকলে এতে অংশ গ্রহণ করেন।

উদাহরণস্বরূপ, এক ব্যক্তি তার গাড়ি বিক্রি করেছেন, কিছু মহিলা অলংকারাদি দান করেছেন এবং শিশুরা তাদের হাত খরচের টাকা দিয়েছে। তিনি(আই.) বলেন এই সব উৎসর্গ সর্বশক্তিমান খোদার আশীষ লাভের জন্য করা হয়েছে।

মসজিদের অবস্থান সম্পর্কে হযরত মির্যা মসরুর আহমদ(আই.) বলেন:





"মাঝে মাঝে সাংবাদিকরা আমাকে জিজ্ঞাসা করেন কেন আমরা একটি নির্দিষ্ট জায়গা বা একটি শহর মসজিদের জন্য পছন্দ করি। সত্য এই যে মালমোর বা এর অন্য কোন জায়গার কোন নিজস্ব তাৎপর্য নেই। আমাদের একমাত্র উদ্দেশ্য এমন একটি জায়গায় মসজিদ গড়ে তোলা যেখানে আহমাদী মুসলমানরা সর্বশক্তিমান খোদার প্রার্থনা করার জন্য একত্রিত হতে পারেন।"





খলীফা বলেন, খোদাতা'লার একত্ববাদের প্রতি মানুষকে আমন্ত্রণ জানানো এবং ইসলাম সম্পর্কে মিথ্যা ধারণার দূরীভূত করা আহমদী মুসলমানদের দায়িত্ব।

হযরত মির্যা মসরুর আহমদ(আই.) বলেন:

*"স্থানীয় মানুষ ইসলাম সম্পর্কে যে ভয় এবং ভুল বোঝাবুঝি পোষণ করে তা অবশ্যই আপনাদের দূর করতে হবে এবং ইসলামের সত্যিকারের শান্তিপূর্ণ শিক্ষাগুলো তাদের ব্যাখ্যা করতে হবে। এ দেশের সরকার ও সাধারণ জনগণ এ মসজিদ নির্মাণ করতে দিয়েছেন সুতরাং এর বিনিময়ে আপনাদের সর্বদা তাদের প্রতি সহানুভূতি দেখানো এবং স্ত্রীর সন্নিহিতে আনার চেষ্টা করা প্রয়োজন।"*

বিশ্বের বর্তমান পরিস্থিতি সম্পর্কে বলতে গিয়ে এবং স্থানীয় আহমদী মুসলিমদের তাদের দায়িত্ব স্মরণ করিয়ে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

*"এটা গভীর আক্ষেপের বিষয় যে আজ সবচেয়ে বেশি অনৈক্য ও দ্বন্দ্ব মুসলিমদের মাঝে দেখা যায়। অতএব আহমদী মুসলমানদের দায়িত্ব ইসলামের শান্তিপূর্ণ শিক্ষার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করা এবং দূরদূরান্তে এর সত্য ও সুন্দর বার্তা দূর দূরান্তে ছড়িয়ে দেয়া।"*